# যুদ্ধের অধ্যায় পেছনে ফেলে সামনে এগোতে চায় ইরান-আমিরাত



ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধের প্রভাবে সম্পর্কে টানাপোড়েন তৈরি হওয়া ইরান ও সংযুক্ত আরব আমিরাত (ইউএই) এবার পুরোনো বিরোধ পেছনে ফেলে সামনে এগোতে চায় বলে জানিয়েছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।

রোববার (১৩ সেপ্টেম্বর) ভারতের ব্রিকস সম্মেলনের ফাঁকে আবুধাবির ক্রাউন প্রিন্স শেখ খালেদ বিন মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে বৈঠকের একদিন পর এ কথা বলেন তিনি। খবর টাইমস অব ইসরায়েলের।

পেজেশকিয়ান বলেন, ক্রাউন প্রিন্সের সঙ্গে তাদের গঠনমূলক আলোচনা হয়েছে। অতীতের অধ্যায় পেছনে রেখে ভবিষ্যতের দিকে তাকানো এবং দুই দেশ মিলে সেই ভবিষ্যৎ গড়ে তোলার বিষয়ে তারা একমত হয়েছেন।

LENS ASIA